গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা
www.niyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১ (অংশ-৬)- ১৩৮০

তারিখ : ২৬ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
১০ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের প্রশিক্ষণ কোর্সের জন্য অনলাইনে আবেদন আহবান।**

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় আগামী ০৯ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ হতে নিম্নবর্ণিত ০৪ (চার) সপ্তাহ মেয়াদি ০২টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

| নং | কোর্সের নাম | মেয়াদ | আবেদন ফি | ভর্তি ফি (ভর্তির সময়) | জামানত ফি (ভর্তির সময়) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | English Language & Business Communication (34th Batch) | ০৪ (চার) সপ্তাহ | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ৫০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস |
| ০২ | Safe food Production & Food Preservation (05th Batch) | ০৪ (চার) সপ্তাহ | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ৫০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস |

**কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, আবাসন, আপ্যায়ন খরচ এবং যাতায়াত ভাতা (নির্বাহী কাউন্সিল নির্ধারিত হারে) সরকারি ব্যয়ে নির্বাহ করা হবে।**

০২। ছকে উল্লিখিত শর্তানুযায়ী সমগ্র বাংলাদেশের ১৮ থেকে ৩৫ বছর বয়সী আগ্রহী যুব ও যুবনারীদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ২৯ আগস্ট, ২০২৬ তারিখের মধ্যে https://admission.univadmin.info লিংকে প্রবেশ করে আবেদন ফি বাবদ ( ১০০/- + চার্জ) জমা পূর্বক আবেদন ফর্ম পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

**অনলাইনে আবেদনের ফরম পূরণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস (সফট কপি):**
(১) শিক্ষাগত যোগ্যতার সনদ;
(২) এনআইডি;
(৩) পাসপোর্ট সাইজের ছবি;

০৩। ইতঃপূর্বে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় যে সকল যুব/যুবনারী কোনো কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন নিরুৎসাহিত করা হচ্ছে। বর্তমানে যে সকল যুব ও যুবনারী বেকার কোন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত নয়/ ইতঃপূর্বে কোন প্রশিক্ষণ গ্রহণ করেননি ও প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক এরূপ নতুন প্রার্থীগণকে আবশ্যিকভাবে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৪। নির্বাচিত প্রার্থীগণের তালিকা আগামী ০৩ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ওয়েবসাইট www.niyd.gov.bd এ প্রকাশ করা হবে।

০৫। উপর্যুক্ত বিষয়ে যে কোন ধরণের পরিবর্তন, পরিমার্জন, সংশোধন, সংযোজন ও বিয়োজন এর ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


জান্নাতুল নাইম
উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা)
(সিনিয়র সহকারী সচিব)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোনঃ ০২২২৪৪২৬০৬৯


**অনুলিপি কার্যার্থে:**
০১। রেজিস্ট্রার, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০২। পরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৩। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। অফিস কপি।